# 2021

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-14**

**(Western Ethics)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) নীতিবিদ্যার আলোচ্য বিষয় কী?

(অ) ভাবজ ক্রিয়া (আ) প্রতিবর্ত ক্রিয়া

(ই) ঐচ্ছিক ক্রিয়া (ঈ) সাহজিক ক্রিয়া।

(খ) নিম্নোক্ত বাক্যগুলির মধ্যে কোনটি নৈতিক বাক্য?

(অ) এই কলমটি ভালো (আ) তোমার উত্তর ঠিক

(ই) কথা দিয়ে কথা রাখা উচিত (ঈ) ফুলটি খুব সুন্দর।

(গ) নিম্নোক্ত বিষয়গুলির মধ্যে কোনটি নৈতিক বিচারের বিষয়বস্তু?

(অ) স্বেচ্ছাকৃত ক্রিয়া (আ) উদ্দেশ্য

(ই) অভিপ্রায় (ঈ) ফলাফল।

(ঘ) পরসুখবাদ অনুসারে নৈতিক বিচারের মানদণ্ড হল

(অ) আত্মোপলব্ধি (আ) সমাজের মঙ্গল সাধন

(ই) আত্মসুখ (ঈ) নিয়মের প্রতি আনুগত্য।

(ঙ) 'তৃপ্ত শূকর হওয়া অপেক্ষা অতৃপ্ত সক্রেটিস হওয়া ভালো।'— এ বক্তব্য কার?

(অ) প্লেটো (আ) সিজউইক

(ই) মিল (ঈ) বেন্থাম।

(চ) 'জ্ঞান এবং সদগুণ (Virtue) বা ন্যায়পরায়ণতা অভিন্ন।'— এই মতবাদের প্রবক্তা কে?

(অ) অ্যারিস্টটল (আ) প্লেটো

(ই) সক্রেটিস (ঈ) অ্যারিস্টিপাস।

(ছ) যে বিজ্ঞান বস্তু বা ঘটনার বর্ণনার পরিবর্তে কোনো আদর্শের মানদণ্ডে তাদের মূল্যায়ন করে তাকে বলা হয়

(অ) বস্তুনিষ্ঠ বিজ্ঞান (আ) আদর্শনিষ্ঠ বিজ্ঞান

(ই) ব্যবহারিক বিজ্ঞান (ঈ) বর্ণনামূলক বিজ্ঞান।

(জ) কান্টের মতে নৈতিক আদর্শ হল

(অ) ঈশ্বরের বিধান (আ) সুখলাভ

(ই) আত্মোপলব্ধি (ঈ) কোনোটিই নয়।

(ঝ) 'কর্তব্যের জন্য কর্তব্য' করার কথা কোন দার্শনিকের মত?

(অ) অ্যারিস্টটল (আ) কান্ট

(ই) মিল (ঈ) সিজউইক।

(ঞ) 'চোখের বদলে চোখ এবং দাঁতের বদলে দাঁত'— নিয়মটি শাস্তি-সংক্রান্ত কোন মতবাদে যুক্তিযুক্ত বলা হয়?

(অ) সংশোধনাত্মক (আ) প্রতিশোধাত্মক

(ই) প্রতিরোধাত্মক (ঈ) কোনোটিই নয়।

(ট) শাস্তির যৌক্তিকতা সম্পর্কে সংশয় প্রকাশ করেন কাঁরা?

(অ) সমাজবিজ্ঞানী (আ) মনোবিজ্ঞানী

(ই) অপরাধবিজ্ঞানী (ঈ) নীতিবিজ্ঞানী।

(ঠ) কোন দার্শনিক মনে করেন যে সুখের পরিণাম যদি এক থাকে তাহলে খেলার সুখ ও কবিতা পাঠের সুখ সমান ভালো?

(অ) হেগেল (আ) কান্ট

(ই) বেন্থাম (ঈ) মিল।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (*যে-কোনো পাঁচটি*)ঃ ৫×৫

(ক) ভালোর নৈতিক অর্থ ও অনৈতিক অর্থের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

(খ) উদ্দেশ্য ও অভিপ্রায়ের মধ্যে সম্পর্ক কী?

(গ) সুখবাদের কূটাভাস বলতে কী বোঝায়?

(ঘ) 'সুখের গণনা প্রণালী'র কথা কোন দার্শনিক বলেন? এই প্রণালীর সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঙ) শর্তাধীন ও শর্তহীন অনুজ্ঞার মধ্যে পার্থক্য দৃষ্টান্তসহ আলোচনা করো।

(চ) উদ্দেশ্যমুখী নৈতিকতা এবং কর্তব্যমুখী নৈতিকতার মধ্যে কোনটি গ্রহণযোগ্য, তা যুক্তিসহ আলোচনা করো।

(ছ) নৈতিকতা বিষয়ে প্লেটোর মত সংক্ষেপে আলোচনা করো।

(জ) পরানীতিবিদ্যা ও ফলিত নীতিবিদ্যার মধ্যে তুমি কীভাবে পার্থক্য করবে?

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) ঐচ্ছিক ক্রিয়া ও অনৈচ্ছিক ক্রিয়ার মধ্যে পার্থক্য করো। কয়েক প্রকার অনৈচ্ছিক ক্রিয়া উল্লেখপূর্বক ব্যাখ্যা করো। এসব ক্রিয়া নৈতিক নয় কেন? ৪+৮+৩

(খ) 'জগতে অথবা জগতের বাইরে সদিচ্ছা ব্যতীত আর কিছুই নেই যাদের নিঃশর্ত ভালো বলা যায়।'— এই বক্তব্যটি কান্টকে অনুসরণ করে ব্যাখ্যা দাও। ১৫

(গ) কর্ম-উপযোগবাদ ও নীতি-উপযোগবাদের সংক্ষিপ্ত বিবরণ দাও। কর্ম-উপযোগবাদ অপেক্ষা নীতি-উপযোগবাদকে কেন অধিকতর গ্রহণযোগ্য মতবাদ বলা হয়? ৭+৮

(ঘ) শাস্তির যৌক্তিকতা আলোচনা করো। প্রাণদণ্ডের পক্ষে ও বিপক্ষে যুক্তিগুলি কী কী? ৫+১০

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) Which is the subject making of Ethics?

(i) Ideomotor action (ii) Reflex action

(iii) Voluntary action (iv) Instictive action.

(b) Which one of the following is a moral statement?

(i) This pen is good (ii) Your answer is right

(iii) One ought to keep one's promise (iv) The flower is beautiful.

(c) Which of the following is the object of moral judgements?

(i) Voluntary action (ii) Motive

(iii) Intention (iv) Consequences.

(d) Altruism regards that the standard of moral judgement is

(i) self-realisation (ii) doing good to society

(iii) egoistic pleasure (iv) obedience to law.

(e) 'It is better to be a Socrates dissatisfied than to be a pig satisfied.'— Who said this?

(i) Plato (ii) Sidgewick

(iii) Mill (iv) Bentham.

(f) 'Knowledge and virtue is identical.' — Who holds this view?

(i) Aristotle (ii) Plato

(iii) Socrates (iv) Aristipus.

(g) The science that evaluates a thing or an event with reference to an ideal instead of describing it is known as

(i) positive science (ii) normative science

(iii) practical science (iv) descriptive science.

(h) According to Kant the moral ideal is

(i) God's decree (ii) achivement of happiness

(iii) self-realisation (iv) none of these.

(i) 'Duty for the sake of duty'— according to which philosopher is this moral principle?

(i) Aristotle (ii) Kant

(iii) Mill (iv) Sidgewick.

(j) Which theory of punishment justifies the statement — 'An eye for an eye, and tooth for a tooth'?

(i) Reformative theory (ii) Retributive theory

(iii) Deterrent theory (iv) None of these.

(k) Which group of scientists are against the justification of punishment?

(i) Sociologists (ii) Psychologists

(iii) Criminologists (iv) Ethical Philosopher.

(l) If the quantity of happiness remains the same, then playing and reading poetry are identical — who said this?

(i) Hegel (ii) Kant

(iii) Bentham (iv) Mill.

**2.** Answer in brief (***any five***) : 5×5

(a) Distinguish between the moral and non-moral sense of good.

(b) What is the relation between motive and intention?

(c) What is paradox of Hedonism?

(d) Which philosopher speaks of 'Hedonistic Calculus'? Give a brief description of this calculus.

(e) Distinguish between hypothetical and categorical imperative.

(f) Which theory of Ethics is acceptable — Teleogical or Deontological? Discuss in brief with reason.

(g) Discuss briefly Plato's view on morality.

(h) How do you distinguish between Meta Ethics and Applied Ethics?

**3.** Answer ***any two*** questions :

(a) Distinguish between voluntary and non-voluntary actions. Explain some kinds of non-voluntary actions. Why are they not moral? 4+8+3

(b) 'There is nothing in the world or even out of it that can be called good without qualification except a good will'. — Explain this view as per Kant. 15

(c) Give a brief account of Act-Utilitarianism and Rule Utilitarianism. Why Rule Utilitarianism is more acceptable than Act-Utilitarianism, as a theory? 7+8

(d) Discuss the justification of punishment. Give the arguments for and against Capital Punishment. 5+10